উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প
Upazila Governance and Development Project (UGDP)
Local Government Division
Ministry of Local Government, Rural Development & Cooperatives

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫(৪).২০২০- ৬৬৯৪ তারিখ- ৩০/০৬/২০২১ খ্রিঃ

**বিষয়ঃ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৫ম পর্যায়ে (২০২০-২১) বাছাইকৃত উপজেলায় অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য প্রস্তাব প্রণয়ন ও প্রেরণ প্রসঙ্গে ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো হচ্ছে যে, বাংলাদেশ সরকার এবং জাইকার অর্থায়নে পরিচালিত স্থানীয় সরকার বিভাগের অধীনে সরাসরি বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য ৫ম পর্যায়ের সক্ষমতা মূলায়ণে আপনার উপজেলা মনোনীত হওয়ায় আপনাকে অভিনন্দন জানাই।

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, বাছাইকৃত উপজেলায় মোট ৫০ লক্ষ (পঞ্চাশ) টাকা বরাদ্দ প্রদান করা হবে, তন্মধ্যে ১০ (দশ) লক্ষ টাকা সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের জন্য অগ্রীম হিসাবে এবং অবশিষ্ট ৪০ (চল্লিশ) লক্ষ টাকা অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্প বাস্তবায়ন শেষে বরাদ্দ প্রদান করা হবে। শিক্ষা, চিকিৎসা বা কৃষি সম্পর্কিত উপপ্রকল্প অগ্রাধিকার ভিত্তিতে গ্রহণ করা যেতে পারে। অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পসমূহ যেভাবে প্রাধিকার দিয়ে নির্বাচন করা হবে সে সংক্রান্ত একটি সংক্ষিপ্ত নিয়মাবলী এতদসঙ্গে প্রেরণ করা হল। উক্ত নিয়ম অনুসরণ করে অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্প প্রস্তাব প্রণয়ন করে আগামী ৩০/০৯/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে প্রকল্প কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল। এক্ষেত্রে প্রতিটি উপ-প্রকল্পের বাজেট হবে সর্বনিম্ন ১০(দশ) লক্ষ টাকা (VAT এবং IT ব্যতীত) এবং সর্বচ্চো ৪০ (চল্লিশ) লক্ষ টাকা (VAT এবং IT ব্যতীত)।

উপ-প্রকল্পসমূহ অনুমোদনের পর আপনাকে যথারীতি পত্রদ্বারা জানানো হবে। অতঃপর বাস্তবায়নের লক্ষে পিপিআর-২০০৮ অনুসরণ করে দরপত্র কার্যক্রম সম্পন্ন করতে হবে। দরপত্র আহ্বানের ক্ষেত্রে উন্মুক্ত দরপত্র পদ্ধতি আনুসরণ করতে হবে। অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্প সমূহের সফল বাস্তবায়ন এবং প্রত্যয়নঅন্তে বিল-ভাউচার এর অনুলিপি প্রকল্পের প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। বিল ভাউচারের অনুলিপি প্রাপ্তির পর যাচাই অন্তে প্রতিটি উপ-প্রকল্প অনুযায়ী প্রাপ্যতা পরিশোধের জন্য অর্থ সরাসরি উপজেলা পরিষদের প্রকল্প একাউন্টে প্রেরণ করা হবে। ঠিকাদারের পাওনা যথারীতি পরিশোধের পর প্রাপ্তি স্বীকারের অনুলিপিসহ প্রকল্প কার্যালয়ে অবহিত করতে হবে।

৩০/৬/২১
(কাজী আশরাফ উদ্দীন)
প্রকল্প পরিচালক
অতিরিক্ত সচিব
ফোন- ৫৫১৩০৭২৫

৩০/০৬/২১

০১। চেয়ারম্যান,

..........................

০২। উপজেলা নির্বাহী অফিসার

..........................

**অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

০১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. বিভাগীয় কমিশনার, সকল
০৩. পরিচালক, স্থানীয় সরকার, সকল
০৪. জেলা প্রশাসক, ..................
০৫. উপ পরিচালক, স্থানীয় সরকার, ..................
০৬. উপজেলা প্রকৌশলী, .................., ..................
০৭. উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ), .................. , ..................
০৮. ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার, জাইকা, ঢাকা।
০৯. অফিস কপি।

সংযুক্তি: ০১

**উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় দক্ষতাভিত্তিক বরাদ্দের অধীনে গ্রহণযোগ্য এবং অগ্রহণযোগ্য উপ-প্রকল্পসমূহের তালিকা**

| অবকাঠামো (উপকরণ/যন্ত্রপাতিসহ) | |
|---|---|
| ১. শিক্ষা এবং চিকিৎসা সুবিধা এবং সরকারী ভবন | শিক্ষা এবং চিকিৎসা সুবিধা সংক্রান্ত নতুন নির্মান, ভবন সম্প্রসারণ এবং অবকাঠামোগত পরিবর্তন এবং বৃহৎ আকারের পুণর্নির্মান এর পাশাপাশি উপকরণ নবায়ন (সংযোগ স্থাপনকারী, বৈদ্যুতিক, এবং পাইপ ফিটিং) করা যাবে। ইউটিলিটি খরচ এবং নিয়মিত রক্ষণাবেক্ষন (পরিষ্কার পরিচ্ছন্নতা, কাঁচ পুণঃস্থাপন ইত্যাদি) কার্যক্রম গ্রহণ করা যাবে না। |
| ২. শিক্ষা উপকরণ | এধরণের উপ-প্রকল্পের আওতায় শ্রেণিকক্ষের উপকরণ (ছাত্রছাত্রীদের জন্য টেবিল-চেয়ার, ব্ল্যাকবোর্ড এবং প্ল্যাটফর্ম), প্রতিবন্ধি ছাত্রছাত্রীদের জন্য ঢালু রাস্তা (হুইল চেয়ার চলাচলের ব্যবস্থা), স্কুল এবং ক্লিনিকে যাওয়ার রাস্তা ইত্যাদি, এবং স্কুল বাস (যদি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ড্রাইভার এবং রক্ষণাবেক্ষন এর খরচ নিশ্চিত করে) ইত্যাদি গ্রহণ করা যাবে। ইউটিলিটি খরচ, শিক্ষা উপকরণ (চক, টেক্সট বই, খাতা ইত্যাদি) এবং কর্মচারীদের কল্যাণের বিষয় এই উপ-প্রকল্পের আওতায় গ্রহণ করা যাবে না। |
| ৩. চিকিৎসা উপকরণ | এধরণের উপ-প্রকল্পের মধ্যে চিকিৎসা উপকরণ, আসবাবপত্র (চিকিৎসা বিষয়ক যন্ত্রপাতি, পরিদর্শন মেশিন এবং রোগীর জন্য বিছানা ইত্যাদি), প্রসব এর জন্য স্থান/উপকরণ এবং অ্যাম্বুলেন্স (যদি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ড্রাইভার এবং রক্ষণাবেক্ষন এর খরচ নিশ্চিত করে) ইত্যাদি গ্রহণ করা যাবে। ঔষধ, একবার ব্যবহারযোগ্য উপকরণ, কর্মচারীদের জন্য যানবাহন এবং কর্মচারীদের কল্যানের বিষয় এই উপ-প্রকল্পের আওতায় গ্রহণ করা যাবে না |
| ৪. সোলার প্যানেল | এটি শুধুমাত্র সরকারী বা জনগণের ব্যবহার্য প্রতিষ্ঠানসমূহে স্থাপনের জন্য সীমিত। ব্যক্তিগত ব্যবহারের জন্য, ব্যক্তিগত স্থাপনায় বা লাভের জন্য সোলার প্যানেল স্থাপন করা যাবে না। |
| ৫. পানি সরবরাহের উপকরণ | এর মধ্যে আছে নূতন কূপ খনন করা, আগের কূপগুলো পুণর্বাসন করা, পাম্প নবায়ন করা, পানি সরবরাহের পাইপ এবং বৃষ্টির পানি রাখার ট্যাংক পুণস্থাপন এবং নতুন লে-আউট অনুযায়ী স্থাপন এই উপ-প্রকল্পের আওতায় করা যাবে। ব্যক্তিগত পর্যায়ে কোনো দৈনন্দিন কূপ খনন, নলকূপ স্থাপন, দৈনন্দিন রক্ষনাবেক্ষণ যেমন-কূপ এবং পানির পাইপ পরিষ্কার করা এই উপ-প্রকল্পের আওতায় গ্রহণ করা যাবে না। |
| ৬. কৃষি | এর মধ্যে আছে কৃষি বিষয়ক সুবিধা এবং কাজ, কৃষির জন্য পানির সুবিধা (সেচ এবং পানির নালা), সরকারী সুবিধা (প্রক্রিয়াকরণ সুবিধাদি এবং উপকরণ, সংগ্রহ করার সুবিধা এবং বাজার) এবং সংরক্ষণাগার, যানবাহন, পাইকারী বাজার ইত্যাদি গ্রহণ করা যাবে । যে সকল সম্পদ বা সুবিধা কৃষকের ব্যক্তিগত পর্যায়ে তা এই উপ-প্রকল্পের আওতায় গ্রহণ করা যাবে না। |
| ৭. দুর্যোগ প্রতিরোধ | এর মধ্যে আছে সাইক্লোন শেল্টার নির্মাণ/পুনঃনির্মাণ/রক্ষণাবেক্ষণ এবং দুর্যোগ পরবর্তী ত্রাণ কার্যক্রম (রাস্তা, পুকুর, পানি সরবরাহ এবং পায়খানা) ইত্যাদি গ্রহণ করা যাবে । ব্যক্তিগত পর্যায়ে কোনে ধরণের ত্রাণ বা দুর্যোগ প্রতিরোধ কার্যক্রম এই উপ-প্রকল্পের আওতায় গ্রহণ করা যাবে না। |
| ৮. গ্রামীণ রাস্তাঘাট (উপজেলা সড়ক, ইউনিয়ন সড়ক, গ্রাম সড়ক) এবং নালা | এ ধরণের উপ-প্রকল্পের আওতায় সেতু, পূর্বের রাস্তাসমূহের উন্নয়ন, রাস্তা প্রশ্স্ত করা, পুণর্বাসন, পর্যায়ক্রমিক সংরক্ষণ, কালভার্ট এবং নতুন নালা নির্মান করা যাবে। দৈনন্দিন রক্ষণাবেক্ষন (গর্ত ভরাট, পরিষ্কার করা এবং আগাছা নির্মুর্ল করা) এই উপ-প্রকল্পের আওতায় গ্রহণ করা যাবে না। । এছাড়াও এই ধরণের উপ-প্রকল্পগুলো অগ্রাধিকার তালিকায় সর্বনিম্ন পর্যায়ে রাখতে হবে এবং যতটুকু সম্ভব এগুলো পরিহার করতে হবে। কারণ এই উপ-প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য অন্য একাধিক প্রকল্প বা সম্পদের ব্যবস্থা রয়েছে। |

***বিশেষ দ্রষ্টব্য -০১ :**

উপরোল্লিখিত গ্রহণযোগ্য উপ-পকল্পের তালিকায় আরও যে সকল কার্যক্রমকে দক্ষতা ভিত্তিকবরাদ্দ তহবিল থেকে বাদ দেওয়া হয়েছে সেগুলো হল: উপজেলা পরিষদের যে কোনোকর্মকর্তা/কর্মচারীগণের বেতন এবং সম্মানী, সভা, আপ্যায়ণ এবং বিনোদনের জন্য খরচ, উপজেলা ও ইউনিয়ন পরিষদের ভবন পুনর্বাসন/সংস্কার, ধর্মীয় প্রতিষ্ঠানের জন্য বরাদ্দ, সামাজিক ও পরিবেশগতভাবে ক্ষতিকর কোনো প্রকল্প, পরিবেশগত প্রভাব নিরূপণের মত অবকাঠামো উন্নয়ন প্রকল্পের জন্য সম্ভাব্যতা পরীক্ষা এবং অনুরূপ কার্যক্রম, প্রতিরক্ষা, নিরাপত্তা সম্পর্কিত কার্যক্রম।

সংযুক্তি: ০২

**উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অবকাঠামো উপ-প্রকল্প নির্বাচনকালে বিবেচ্য বিষয়সমূহ ঃ**

| ক্রমিক নং | সেক্টর | বিবেচ্য বিষয়সমূহ |
|---|---|---|
| ১. | শিক্ষা ও সরকারী ভবন নির্মাণ:<br>ক) নূতন কক্ষ নির্মাণ<br>খ) মেরামত/পুনর্বাসন<br>গ) প্রশিক্ষণ মালামাল সরবরাহ | ক) প্রয়োজনীয় বৈদ্যুতিক কাজ অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে।<br>খ) শারীরিক প্রতিবন্ধীদের জন্য বিশেষ ব্যবস্থা রাখা, যেমন: র‍্যাম্প, হুইল চেয়ার ইত্যাদি।<br>গ) High Flood Level বিবেচনায় রেখে ভবনের মেঝে উঁচুকরণ। |
| ২. | স্বাস্থ্যসেবা<br>ক) কমিউনিটি ক্লিনিকের নূতন কক্ষ নির্মাণ।<br>খ) মেরামত/পুনর্বাসন।<br>গ) মেডিক্যাল যন্ত্রপাতি সরবরাহ। | ক) প্রয়োজনীয় বৈদ্যুতিক কাজ অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে।<br>খ) শারীরিক প্রতিবন্ধীদের জন্য বিশেষ ব্যবস্থা রাখা, যেমন: র‍্যাম্প, হুইল চেয়ার ইত্যাদি।<br>গ) High Flood Level বিবেচনায় রেখে ভবনের মেঝে উঁচুকরণ।<br>ঘ) যন্ত্রপাতির যথাযথ Specification প্রদান করা। |
| ৩. | ওয়াশ ব্লক ও ল্যাট্রিন নির্মাণ। | ক) বিদ্যুৎ এবং পানি সরবরাহ অন্তর্ভূক্তকরণ, DPHE এর নকশা ও প্রাক্কলন অনুসরণ করতে হবে। |
| ৪. | পানি সরবরাহ<br>ক) টিউবওয়েল স্থাপন<br>খ) পাম্প, পাইপ লাইন ও ওভারহেড ট্যাংক স্থাপন। | ক) বন্যা বিবেচনায় রেখে টিউবওয়েলের প্লাটফরম ও হ্যান্ডপাম্প উঁচুকরণ।<br>খ) কোন ব্যক্তিগত পর্যায়ে টিউবওয়েল বা ল্যাট্রিন নির্মাণ করা যাবেনা। |
| ৫. | যোগাযোগ (সড়ক)<br>ক) প্যালাসাইডিং/রিটেইনিং ওয়াল নির্মাণ<br>খ) রাস্তা নির্মাণ<br>গ) বক্স কালভার্ট/পাইপ ড্রেইন (জলাবদ্ধতা নিরসনের জন্য) | ক) প্যালাসাইডিং কাজে বাঁশ/কাঠ ব্যবহার পরিহার করণ।<br>খ) রাস্তার কাজ H.B.B না করে C.C রাস্তা নির্মাণ করা।<br>গ) জলাবদ্ধতা নিরসনকল্পে রাস্তার প্রয়োজনীয় সংখ্যক কালভার্ট স্থাপন। |
| ৬. | কৃষি<br>ক) সেচ ড্রেইন নির্মাণ। | ক) সেচ পানির সর্বোচ্চ ব্যবহারের জন্য সেচ ড্রেইন সঠিকভাবে ডিজাইন করণ। |
| ৭. | সোলার প্যানেল<br>ক) সড়ক বাতির জন্য সোলার প্যানেল স্থাপন। | ক) সোলার প্যানেলের কার্যকারিতা বজায় রাখার জন্য সোলার প্যানেল নিয়মিত পরিষ্কার করার ব্যবস্থা রাখা।<br>খ) যথাযথ Specification প্রদান করা। |
| ৮. | দুর্যোগ ব্যবস্থাপনা<br>ক) পুনঃস্থাপন (Restore)-ক্ষতিগ্রস্ত সড়ক যোগাযোগ ব্যবস্থা মেরামত/সংস্কারকরণ। | ক) High Flood Level বিবেচনায় নিয়ে সড়ক/কালভার্ট উঁচুকরণ। |

বিশেষ দ্রষ্টব্য:

ক) অবকাঠামো নির্মাণ ও ব্যবহারের ক্ষেত্রে সর্বদা জলবায়ু পরিবর্তনের বিষয়টি বিবেচনায় রাখা। যেমন: High Flood Level ক্রমশ: বৃদ্ধি পাওয়া (Sea Level Rise, ও অতিবর্ষণ এর কারণে) একটি বড় চ্যালেঞ্জ।

খ) অবকাঠামো সমূহের সর্বোচ্চ ব্যবহার এবং সর্বোচ্চ সংখ্যক সুবিধাভোগী/ব্যবহারকারীর উপকারে আসবে তা বিবেচনায় রাখা।

গ) ছোট খাটো মেরামত কাজে প্রকল্পের অর্থ ব্যয়ের চেয়ে নূতন ভবন নির্মাণ বিবেচনায় রাখতে হবে (কারণ, উপজেলার রক্ষণাবেক্ষণ খাতে এসকল ছোট কাজ সম্ভব)। প্রকল্পটি যাতে সমন্বিত (Comprehensive) হয় সেদিকে নজর দিতে হবে।

ঘ) কোনোভাবেই কোন অসমাপ্ত কাজ সম্পন্ন করা যাবে না বা কোন অবকাঠামো অসমাপ্ত রেখে দেয়া যাবে না।

সংযুক্তি: ০৩

## উপ-প্রকল্প প্রস্তাব প্রেরণের সময় যেসমস্ত বিষয় অনুসরণ করতে হবে:

- অবকাঠামো উপ-প্রকল্পের বিস্তারিত ডিজাইন, ড্রইং ও এস্টিমেট থাকতে হবে।
- উপজেলার সবচাইতে অগ্রাধিকারপ্রাপ্ত ও জনগুরুত্বসম্পন্ন প্রকল্প প্রস্তাব প্রেরণ করতে হবে।
- যে সকল প্রতিষ্ঠানের আর্থিক সংগতি যথেষ্ট ভাল নয় এবং অন্য কোন উৎস হতে বরাদ্দ প্রাপ্তির সম্ভাবনা নেই সে সকল প্রতিষ্ঠানকে অগ্রাধিকার দিতে হবে।
- উপ-প্রকল্প প্রস্তাব গ্রহণের আগে প্রকল্প এলাকা পরিদর্শন করে সকল সম্ভাব্য তথ্য সংগ্রহ করতে হবে এবং যেকোনোভাবেই দ্বৈততা পরিহার করতে হবে।
- এটা নিশ্চিত করতে হবে যে, প্রস্তাবিত উপ-প্রকল্প কোন ধরণের সামাজিক বা পরিবেশগত ঝুঁকি সৃষ্টি করবে না।
- সে সমস্ত উপ-প্রকল্প অগ্রাধিকার পাবে, যেগুলো দ্বারা অধিক সংখ্যক মানুষের উপকার হবে এবং দরিদ্র মানুষ উপকৃত হবে।
- উপ-প্রকল্পসমূহ অবশ্যই জনগণের ব্যবহার্য হতে হবে এবং কোনভাবেই কোন ব্যক্তিগত খাতের প্রকল্প হতে পারবে না।
- ন্যূনপক্ষে ৫(পাঁচ) বছরের পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয়ের নিশ্চয়তা ছাড়া কোন উপ-প্রকল্প গ্রহণ করা যাবে না।
- রাস্তা নির্মাণ জাতীয় অবকাঠামো সর্বনিম্ন অগ্রাধিকার পাবে এবং কোনভাবেই H.B.B জাতীয় রাস্তার প্রস্তাব গ্রহণ করা যাবে না।
- স্কুল বেঞ্চ এর ক্ষেত্রে অবশ্যই Pro-Propylene দ্বারা নির্মিত বেঞ্চ এর প্রস্তাব করতে হবে । কাঠের বেঞ্চ গ্রহণযোগ্য হবে না।
- উপ-প্রকল্প প্রস্তাবের অগ্রায়ন পত্রে (Forwarding Letter) নিম্নবর্ণিত ছক অনুসারে তথ্য দিতে হবে:

| উপ-প্রকল্পের নম্বর | উপ-প্রকল্পের নাম | উপ-প্রকল্পের প্রস্তাবিত বাজেট (ভ্যাট ও আয়কর ব্যতীত) (টাকা) [৩ = ৬- (৪+৫)] | ভ্যাটের পরিমান (টাকা) | আয়করের পরিমান (টাকা) | উপ-প্রকল্পের সর্বমোট প্রস্তাবিত বাজেট (ভ্যাট ও আয়কর সহ) (টাকা) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |

সংযুক্তি: ০৪

## অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প এর প্রাক্কলন প্রণয়ন, চুক্তিপত্র সম্পাদন এবং বিল প্রনয়ন বিষয়ে নির্দেশনাঃ

"উপজেলা পরিচালন ও উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আওতায় অবকাঠামো উপ-প্রকল্পসমূহের প্রাক্কলন প্রণয়নের সময় VAT এবং IT অবশ্যই অন্তর্ভূক্ত করতে হবে। উল্লেখ্য যে, উপজেলাসমূহ বেশীরভাগ অবকাঠামোর জন্য LGED প্রণীত রেট সিডিউল অনুসরণ করে থাকে, যেখানে VAT, IT এবং সকল প্রকার duty অন্তর্ভূক্ত রয়েছে। পরবর্তীতে দরপত্র আহবান, NOA প্রদান ও চুক্তিপত্র সম্পাদন সর্বক্ষেত্রে VAT এবং IT অন্তর্ভূক্ত থাকবে।

**উদাহরণঃ**

ধরা যাক কোন একটি স্কুলের কক্ষ তৈরি সংক্রান্ত উপ-প্রকল্পের জন্য মোট ১২,৩০,০০০.০০ টাকার প্রাক্কলন (VAT-৭.৫% এবং IT-২% = ৯.৫%অন্তর্ভূক্ত) PMU বরাবর অনুমোদনের জন্য প্রেরিত হল। PMU কর্তৃক প্রকল্পটি যাচাই বাছাই ও পরীক্ষান্তে VAT এবং IT সহ মোট ১২,৩০,০০০.০০ টাকার অনুমোদন দেয়া হলো। সেক্ষেত্রে উপজেলা কর্তৃক মোট ১২,৩০,০০০.০০ টাকার অনুমোদিত বাজেট বিবেচনায় নিয়ে দরপত্র আহবান করতে হবে এবং ঠিকাদার নির্বাচন শেষে চুক্তিপত্র সম্পাদন করে কার্যাদেশ প্রদান করতে হবে। কাজ শেষে চূড়ান্ত বিল থেকে VAT এবং IT, PMU কর্তৃক পরিশোধ করা হবে বিধায় উপজেলা কর্তৃক VAT এবং IT কর্তন করে ঠিকাদারের বিল দাখিল করতে হবে।

ধরা যাক, কার্যাদেশ অনুযায়ী চুক্তিমূল্য ঃ- ১২,০০,০০০.০০ টাকা (ভ্যাট ও আয়কর সহ সম্পাদিত)।
সম্পাদিত কাজ অনুযায়ী ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিলের পরিমান ঃ ১১,৮০,০০০.০০ টাকা (ভ্যাট ও আয়কর সহ)।

উপপ্রকল্পের বিল দাখিলের অগ্রায়নপত্রের ছক নিম্নে দেয়া হলোঃ

| উপজেলা জেলা | উপপ্রকল্পের নম্বর | চুক্তিমূল্য (ভ্যাট ও আয়কর সহ) (টাকা) | ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিলের পরিমান (ভ্যাট ও আয়কর সহ) (টাকা) | ভ্যাটের পরিমান ৭.৫% (উদাহরণ) | আয়করের পরিমান ২% (উদাহরণ) | ঠিকাদারের নীট প্রাপ্য (ভ্যাট ও আয়কর ব্যতীত) ৭ = ৪ - (৫+৬) | ভ্যাট ও আয়কর সহ মোট বিল (টাকা) ৮ = ৫+৬+৭ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | ১২,০০,০০০.০০ | ১১,৮০,০০০.০০ | ৮৮,৫০০.০০ | ২৩,৬০০.০০ | ১০,৬৭,৯০০.০০ | ১১,৮০,০০০.০০ | |
| ——— | | | | | | | | |

PMU কর্তৃক উপজেলা পরিষদের ব্যাংক হিসাবে ১০,৬৭,৯০০.০০ টাকা প্রেরণ করা হবে এবং উপজেলা পরিষদ বিধি মোতাবেক ঠিকাদারের প্রাপ্য ১০,৬৭,৯০০.০০ টাকা হতে সিকিউরিটি ডিপোজিট কর্তন করে অবশিষ্ট টাকা চেকের মাধ্যমে ঠিকাদারকে পরিশোধ করবে। প্রকল্পের PMU কর্তৃক জিওবি অর্থ হতে ভ্যাট ও আয়করের টাকা সরকারি কেষাগারে জমা করা হবে।